Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

০২ মাঘ ১৪৩১

DU in Media

16 January 2025

দৈনিক বাংলা

ঢাবির সঙ্গে কাজ করবে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং বিড ফাউন্ডেশন



শিক্ষার্থীদের দক্ষ মানবসম্পদ হিসেবে গড়ে তোলার মাধ্যমে সমৃদ্ধ নতুন বাংলাদেশ বিনির্মাণে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং বেসরকারি সংস্থা বিড ফাউন্ডেশন (বিআইআইডি ফাউন্ডেশন) যৌথ সহযোগিতামূলক বিভিন্ন কার্যক্রম গ্রহণ করবে।

গতকাল বুধবার উপাচার্য লাউঞ্জে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সঙ্গে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব মো. রেজাউল মাকছুদ জাহেদীর এক বৈঠকে এ ব্যাপারে আলোচনা করা হয়। বৈঠকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ, আরবরি কালচার সেন্টারের পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ জসীম উদ্দিন এবং বিড ফাউন্ডেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. শহীদ উদ্দিন আকবরসহ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। বৈঠকে শিগগিরই ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে 'তারুণ্যের উৎসব' এবং 'আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড' আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। কর্মশালা, সাংস্কৃতিক অনুষ্ঠান, স্কিল কম্পিটিশন, আর্থিক অনুদান, বৃত্তি প্রদান, বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতা, যুব উদ্যোক্তা সমাবেশ, জুলাই গণঅভ্যুত্থানকে উপজীব্য করে চিত্র প্রদর্শনী, দুর্নীতি বিরোধী কার্টুন প্রদর্শনী, স্বাস্থ্য সেবা ক্যাম্পেইনসহ বিভিন্ন আয়োজন থাকবে এই উৎসবে। এছাড়া যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং বিড ফাউন্ডেশন ঢাকা বিশ্ববিদ্যালয়ে চলমান গ্রীন ক্যাম্পাস, ক্লিন ক্যাম্পাস কর্মসূচিতে সার্বিক সহায়তা প্রদান করবে। যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং বিড ফাউন্ডেশনের যৌথ সহযোগিতায় বিশ্ববিদ্যালয়কে ক্রীড়া সরঞ্জাম প্রদান, ক্যাম্পাসে পরিবেশ সহায়ক ডাস্টবিন স্থাপন, ভ্রাম্যমাণ গণশৌচাগার স্থাপন, জনসচেতনতামূলক সেমিনার এবং কর্মশালাসহ বিভিন্ন কর্মসূচি আয়োজনের বিষয়েও বৈঠকে আলোচনা করা হয়। বিজ্ঞপ্তি

নয়া দিগন্ত



যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ও বিড ফাউন্ডেশন কর্মকর্তাদের সাথে ঢাবি ভিসি ড. নিয়াজ আহমদ খান

ঢাবির সাথে কাজ করবে ক্রীড়া মন্ত্রণালয় ও বিড ফাউন্ডেশন

শিক্ষার্থীদের দক্ষ মানবসম্পদ হিসেবে গড়ে তোলার মাধ্যমে সমৃদ্ধ নতুন বাংলাদেশ বিনির্মাণে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাথে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং বেসরকারি সংস্থা বিড ফাউন্ডেশন (BIID Foundation) যৌথ সহযোগিতামূলক বিভিন্ন কার্যক্রম গ্রহণ করবে। গতকাল ভিসি লাউঞ্জে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সঙ্গে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব মো: রেজাউল মাকছুদ জাহেদীর এক বৈঠকে এ ব্যাপারে আলোচনা করা হয়।

বৈঠকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ, আরবরি কালচার সেন্টারের পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ জসীম উদ্দিন এবং বিড ফাউন্ডেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো: শহীদ উদ্দিন আকবরসহ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। বৈঠকে শিগগিরই ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে 'তারুণ্যের উৎসব' এবং 'আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড' ৯ম পৃ: ৩-এর কলামে

ঢাবির সাথে কাজ করবে

৩য় পৃষ্ঠার পর

আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। কর্মশালা, সাংস্কৃতিক অনুষ্ঠান, স্কিল কম্পিটিশন, আর্থিক অনুদান, বৃত্তি প্রদান, বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতা, যুব উদ্যোক্তা সমাবেশ, জুলাই গণ-অভ্যুত্থানকে উপজীব্য করে চিত্র প্রদর্শনী, দুর্নীতিবিরোধী কার্টুন প্রদর্শনী, স্বাস্থ্যসেবা ক্যাম্পেইনসহ বিভিন্ন আয়োজন থাকবে এই উৎসবে। এ ছাড়া, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং বিড ফাউন্ডেশন ঢাকা বিশ্ববিদ্যালয়ে চলমান গ্রিন ক্যাম্পাস, ক্লিন ক্যাম্পাস কর্মসূচিতে সার্বিক সহায়তা প্রদান করবে। যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং বিড ফাউন্ডেশনের যৌথ সহযোগিতায় বিশ্ববিদ্যালয়কে ক্রীড়া সরঞ্জাম প্রদান, ক্যাম্পাসে পরিবেশ সহায়ক ডাস্টবিন স্থাপন, ভ্রাম্যমাণ গণশৌচাগার স্থাপন, জনসচেতনতামূলক সেমিনার এবং কর্মশালাসহ বিভিন্ন কর্মসূচি আয়োজনের বিষয়েও বৈঠকে আলোচনা করা হয়। বিজ্ঞপ্তি

দৈনিক আমাদের বার্তা

ঢাবি-যুব ও ক্রীড়া মন্ত্রণালয় বিড ফাউন্ডেশন যৌথভাবে কাজ করবে



■ আমাদের বার্তা, ঢাবি

শিক্ষার্থীদের দক্ষ মানবসম্পদ হিসেবে গড়ে তোলার মাধ্যমে সমৃদ্ধ নতুন বাংলাদেশ বিনির্মাণে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং বেসরকারি সংস্থা বিড ফাউন্ডেশন যৌথ সহযোগিতামূলক বিভিন্ন কার্যক্রম গ্রহণ করবে।

গতকাল বুধবার উপাচার্য লাউঞ্জে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সঙ্গে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব মো. রেজাউল মাকছুদ জাহেদীর এক বৈঠকে এ ব্যাপারে আলোচনা হয়।

বৈঠকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ, আরবি কালচার সেন্টারের পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ জসীম উদ্দিন এবং বিড ফাউন্ডেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. শহীদ উদ্দিন আকবরসহ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

বৈঠকে শিগগিরই ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে 'তারুণ্যের উৎসব' এবং 'আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড' আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়।

কর্মশালা, সাংস্কৃতিক অনুষ্ঠান, স্কিল কম্পিটিশন, আর্থিক অনুদান, বৃত্তি প্রদান, বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতা, যুব উদ্যোক্তা সমাবেশ, জুলাই গণ-অভ্যুত্থানকে উপজীব্য করে চিত্র প্রদর্শনী, দুর্নীতি বিরোধী কার্টুন প্রদর্শনী, স্বাস্থ্য সেবা ক্যাম্পেইনসহ বিভিন্ন আয়োজন থাকবে এ উৎসবে।

এ ছাড়া, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং বিড ফাউন্ডেশন ঢাকা বিশ্ববিদ্যালয়ে চলমান গ্রিন ক্যাম্পাস, ক্লিন ক্যাম্পাস কর্মসূচিতে সার্বিক সহায়তা প্রদান করবে বলেও জানানো হয়।

যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং বিড ফাউন্ডেশনের যৌথ সহযোগিতায় বিশ্ববিদ্যালয়কে ক্রীড়া সরঞ্জাম প্রদান, ক্যাম্পাসে পরিবেশ সহায়ক ডাস্টবিন স্থাপন, ভ্রাম্যমাণ গণশৌচাগার স্থাপন, জনসচেতনতামূলক সেমিনার এবং কর্মশালাসহ বিভিন্ন কর্মসূচি আয়োজনের বিষয়েও বৈঠকে আলোচনা করা হয়।

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

০২ মাঘ ১৪৩১

DU in Media

16 January 2025

The Country Today



Ministry of Youth and Sports, BID Foundation to work together with DU to develop students as skilled human resources

DU Correspondent

To build a prosperous new Bangladesh by developing students as skilled human resources, the Ministry of Youth and Sports and the non-governmental organization BID Foundation will jointly undertake various cooperative activities with Dhaka University.

This was discussed in a meeting between Dhaka University Vice Chancellor Prof Dr. Niaz Ahmed Khan and Secretary of the Ministry of Youth and Sports Md. Rezaul Maksud Zahedi at the Vice Chancellor's Lounge on Wednesday.

Dhaka University Proctor Associate Prof Saifuddin Ahmed, Arbori Culture Center Director Prof Dr. Mohammad Jasim Uddin and BID Foundation CEO Md. Shahid Uddin Akbar, along with senior officials of the Ministry of Youth and Sports were present in the meeting.

The meeting discussed the upcoming 'Youth Festival' and 'International Nutrition Olympiad' on the Dhaka University campus.

The festival will include various activities including workshops, cultural programs, skill competitions, financial grants, scholarships, various sports competitions, youth entrepreneurship gatherings, a painting exhibition on the July Uprising, an anti-corruption cartoon exhibition, and a health service campaign. In addition, the Ministry of Youth and Sports and the BID Foundation will provide overall support to the ongoing Green Campus and Clean Campus programs at Dhaka University.

The meeting also discussed the provision of sports equipment to the university, installation of environmentally friendly dustbins on the campus, installation of mobile public toilets, and organizing various programs including public awareness seminars and workshops in collaboration with the Ministry of Youth and Sports and the BID Foundation.

দৈনিক বর্তমান



শিক্ষার্থীদের দক্ষ মানবসম্পদ হিসেবে গড়ে তোলার মাধ্যমে সমৃদ্ধ নতুন বাংলাদেশ বিনির্মাণে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং বেসরকারি সংস্থা বিড ফাউন্ডেশন যৌথ সহযোগিতামূলক বিভিন্ন কার্যক্রম গ্রহণ করবে। বুধবার উপাচার্য লাউঞ্জে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সঙ্গে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব মো. রেজাউল মাকছুদ জাহেদীর এক বৈঠকে এব্যাপারে আলোচনা করা হয়

শিক্ষার্থীদের দক্ষ মানবসম্পদ গড়তে ঢাবি'র সাথে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং বিড ফাউন্ডেশন যৌথভাবে কাজ করবে

ঢাবি প্রতিনিধি

শিক্ষার্থীদের দক্ষ মানবসম্পদ হিসেবে গড়ে তোলার মাধ্যমে সমৃদ্ধ নতুন বাংলাদেশ বিনির্মাণে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং বেসরকারি সংস্থা বিড ফাউন্ডেশন (BIID Foundation) যৌথ সহযোগিতামূলক বিভিন্ন কার্যক্রম গ্রহণ করবে। বুধবার উপাচার্য লাউঞ্জে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সঙ্গে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব মো. রেজাউল মাকছুদ জাহেদীর এক বৈঠকে এব্যাপারে আলোচনা করা হয়। বৈঠকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ, আরবরি

এরপর পৃষ্ঠা ৭ কলাম ৩

শিক্ষার্থীদের দক্ষ মানবসম্পদ

কালচার সেন্টারের পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ জসীম উদ্দিন এবং বিড ফাউন্ডেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. শহীদ উদ্দিন আকবরসহ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

বৈঠকে শিগগিরই ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে 'তারুণ্যের উৎসব' এবং 'আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড' আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। কর্মশালা, সাংস্কৃতিক অনুষ্ঠান, স্কিল কম্পিটিশন, আর্থিক অনুদান, বৃত্তি প্রদান, বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতা, যুব উদ্যোক্তা সমাবেশ, জুলাই গণঅভ্যুত্থানকে উপজীব্য করে চিত্র প্রদর্শনী, দুর্নীতি বিরোধী কার্টুন প্রদর্শনী, স্বাস্থ্য সেবা ক্যাম্পেইনসহ বিভিন্ন আয়োজন থাকবে এই উৎসবে। এছাড়া, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং বিড ফাউন্ডেশন ঢাকা বিশ্ববিদ্যালয়ে চলমান গ্রীন ক্যাম্পাস, ক্লিন ক্যাম্পাস কর্মসূচিতে সার্বিক সহায়তা প্রদান করবে।

যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং বিড ফাউন্ডেশনের যৌথ সহযোগিতায় বিশ্ববিদ্যালয়কে ক্রীড়া সরঞ্জাম প্রদান, ক্যাম্পাসে পরিবেশ সহায়ক ডাস্টবিন স্থাপন, ভ্রাম্যমাণ গণশৌচাগার স্থাপন, জনসচেতনতামূলক সেমিনার এবং কর্মশালাসহ বিভিন্ন কর্মসূচি আয়োজনের বিষয়েও বৈঠকে আলোচনা করা হয়।

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

০২ মাঘ ১৪৩১

DU in Media

16 January 2025

স্বদেশ প্রতিদিন



ঢাবি উপাচার্যের সঙ্গে যুক্তরাষ্ট্রের ফুলব্রাইট বিশেষজ্ঞের সাক্ষাৎ

যুক্তরাষ্ট্রের ফুলব্রাইট বিশেষজ্ঞ ড. আলবার্ট জেমস আর্নল্ড জুনিয়র গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।
এসময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরীসহ কয়েকজন শিক্ষক উপস্থিত ছিলেন। সাক্ষাৎকালে তাঁরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণার শীর্ষক একটি প্রকল্প গ্রহণের সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। যুক্তরাষ্ট্রের ফুলব্রাইট বিশেষজ্ঞ এই প্রকল্পের অধীনে আন্তর্জাতিক র‍্যাঙ্কিং, আত্ম-মূল্যায়ন ও গবেষণা ডকুমেন্টেশনসহ বিভিন্ন বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক এবং গবেষকদের নির্দেশনা প্রদান করবেন। – সংবাদ বিজ্ঞপ্তি



ঢাবি উপাচার্যের সঙ্গে যুক্তরাষ্ট্রের ফুলব্রাইট বিশেষজ্ঞের সাক্ষাৎ

যুক্তরাষ্ট্রের ফুলব্রাইট বিশেষজ্ঞ ড. আলবার্ট জেমস আর্নল্ড জুনিয়র গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরীসহ কয়েকজন শিক্ষক উপস্থিত ছিলেন। সাক্ষাৎকালে তাঁরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণার মানোন্নয়নে Maximizing Accreditation Scope and Ranking Potential' শীর্ষক একটি প্রকল্প গ্রহণের সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। যুক্তরাষ্ট্রের ফুলব্রাইট বিশেষজ্ঞ এই প্রকল্পের অধীনে আন্তর্জাতিক র‍্যাঙ্কিং, আত্ম-মূল্যায়ন ও গবেষণা ডকুমেন্টেশনসহ বিভিন্ন বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক। – সংবাদ বিজ্ঞপ্তি

ইনকিলাব



ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষাবৃত্তির আবেদন সংক্রান্ত নিরসনে বিশ্ববিদ্যালয় গৃহীত বিভিন্ন উদ্যোগ নিয়ে গতকাল অধ্যাপক আবদুল মতিন চৌধুরী ভার্চুয়াল ক্লাসরুমে এক প্রেসি ব্রিফিং আয়োজন করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. নায়মা হক বিদিশা, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী, প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ এবং সলিমুল্লাহ মুসলিম হলের প্রাধ্যক্ষ ও প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটির সভাপতি ড. আবদুল্লাহ-আল-মামুন প্রেস ব্রিফিং-এ বক্তব্য রাখেন। -প্রেস বিজ্ঞপ্তি

The Bangladesh Today



A press briefing was held on Wednesday, January 15, 2025, at the Dhaka University Professor Abdul Matin Chowdhury Virtual Classroom. Photo: Courtesy

The Country Today



DU to launch Tk 3,000 monthly aid for female students facing accommodation crisis

DU Correspondant

Dhaka University (DU) administration will launch a temporary financial assistance programme for female students who cannot stay in university halls due to accommodation crisis.

Starting next month, each eligible student will receive Tk 3,000 per month under this programme.

DU Treasurer Professor Jahangir Alam Chowdhury shared this information during a press conference held at the

Continued to page 2

DU to launch Tk 3,000

Professor Abdul Matin Chowdhury Virtual Classroom, near the Vice-Chancellor's office, on Wednesday.

He said that the university lacks adequate accommodation facilities for female students. Although the university has taken various initiatives to address this issue, the process takes time. In response to student needs, DU will start the financial assistance programme as a temporary measure.

"This assistance may not be a large amount, but it will help the students to some extent. All students who have not been allotted a seat will receive this assistance," added the treasurer.

The Bangladesh Post

DU to launch aid programme for female students facing accommodation crisis

UNB, Dhaka

Dhaka University (DU) administration will launch a temporary financial assistance programme for female students who cannot stay in university halls due to accommodation crisis.

Starting next month, each eligible student will receive Tk 3,000 per month under this programme.

DU Treasurer Professor Jahangir Alam Chowdhury shared this information during a press conference held at the Professor Abdul Matin Chowdhury Virtual Classroom, near the Vice-Chancellor's office, on Wednesday.

He said that the university lacks adequate accommodation facilities for female students. Although the university has taken various initiatives to address this issue, the process takes time. In response to student needs, DU will start the financial assistance programme as a temporary measure.

"This assistance may not be a large amount, but it will help the students to some extent. All students who have not been allotted a seat will receive this assistance," added the treasurer.



The university is also working on constructing new halls, and temporary bunk beds have already been installed.

Professor Jahangir Alam also said that the Chinese Embassy in Bangladesh has confirmed the construction of a hall for 2,500 female students.

দৈনিক বর্তমান



ঢাবি ছাত্রীদের 'আবাসন সহায়ক আর্থিক সহায়তা' প্রদান করা হবে

ঢাবি প্রতিনিধি

হলে আবাসিক সিট পাওয়ার সকল শর্ত পূরণ করা সত্ত্বেও ঢাকা বিশ্ববিদ্যালয়ের যেসকল ছাত্রীকে আসন বরাদ্দ দেয়া সম্ভব হচ্ছেনা, বিশ্ববিদ্যালয়ের নিজস্ব অর্থায়নে তাদের 'আবাসন সহায়ক আর্থিক সহায়তা প্রদান' করা হবে। বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে প্রথমবারের মতো এই উদ্যোগ গ্রহণ করা হয়েছে। যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে ন্যায্যতা ও চাহিদার ভিত্তিতে আবেদনকারী ছাত্রীদের মধ্য থেকে নির্বাচিতদের প্রতি মাসে ৩ হাজার টাকা হারে এই সহায়তা প্রদান করা হবে। বুধবার অধ্যাপক আবদুল মতিন চৌধুরী ভার্চুয়াল ক্লাসরুমে আয়োজিত এক প্রেস ব্রিফিং-এ বিশ্ববিদ্যালয়ের এই উদ্যোগের কথা জানানো হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী প্রেস ব্রিফিং-এ আবাসন সংকট নিরসনে বিশ্ববিদ্যালয় গৃহীত স্বল্প-মেয়াদি, মধ্য-মেয়াদি ও দীর্ঘ-মেয়াদি বিভিন্ন কর্মপরিকল্পনা ও পদক্ষেপ তুলে ধরেন।

প্রেস ব্রিফিং-এ প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ এবং সলিমুল্লাহ মুসলিম হলের প্রাধ্যক্ষ ও প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটির সভাপতি ড. আবদুল্লাহ-আল-মামুনসহ বিভিন্ন হলের প্রাধ্যক্ষ উপস্থিত ছিলেন। কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী বলেন, বিশ্ববিদ্যালয়ের বাজেট ঘাটতি থাকা সত্ত্বেও বিশেষ বরাদ্দের মাধ্যমে অগ্রাধিকার ভিত্তিতে বিভিন্ন ছাত্রী হলে প্রায় ৫শ' বাঙ্ক বেড স্থাপন করে ইতোমধ্যেই বেশ কিছু ছাত্রীর আবাসনের ব্যবস্থা করা হয়েছে। স্বচ্ছ পদ্ধতি ও সুষ্ঠু প্রক্রিয়া অনুসরণ করে ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রথমবারের মতো ১ম বর্ষ আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের ছাত্রীদের আবাসনের ব্যবস্থা করা হয়েছে। যা অতীতের যে কোন সময়ের তুলনায় ব্যতিক্রমী ঘটনা।

কোষাধ্যক্ষ আরও বলেন, ছাত্রীদের আবাসন সংকট নিরসনে চীন সরকারের আর্থিক সহযোগিতায় ২৪৪ কোটি টাকা ব্যয়ে প্রস্তাবিত 'বাংলাদেশ-চীন মৈত্রী হল নির্মাণ প্রকল্পটি' মন্ত্রণালয়ে ইতোমধ্যেই অনুমোদিত হয়েছে। বর্তমানে এটি ই আর ডি-এর অনুমোদনের অপেক্ষায় আছে। এছাড়া, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়ন প্রকল্পের আওতায় ২ হাজার ৮শ' ৪১ কোটি ৮৬ লাখ টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রস্তাবিত ৪টি ছাত্রী হলের বর্ধিত ভবন নির্মাণ প্রকল্প অনুমোদনের বিষয়টি বর্তমানে প্রক্রিয়াধীন রয়েছে। এই প্রকল্পে শাহনেওয়াজ হোস্টেল ভেঙ্গে ১৫-তলা বিশিষ্ট একটি ছাত্রী হল নির্মাণ, ১০-তলা ও ৬-তলা বিশিষ্ট শামসুন নাহার হলের দু'টি সম্প্রসারণ ভবন নির্মাণ, লেদার ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি ইনস্টিটিউটের বিদ্যমান স্টাফ কোয়ার্টার বি এবং ডি ভবন ভেঙ্গে ১১-তলা ও ৮-তলা বিশিষ্ট দু'টি ভবনের সমন্বয়ে একটি ছাত্রী হল নির্মাণ এবং ১০-তলা বিশিষ্ট কুয়েত মৈত্রী হলের সম্প্রসারণ ভবন নির্মাণের প্রস্তাব করা হয়েছে।

The Daily Industry



DU to launch Tk 3,000 monthly aid for female students facing accommodation crisis

Dhaka University Correspondent: Dhaka University (DU) administration will launch a temporary financial assistance programme for female students who cannot stay in university halls due to accommodation crisis.

Starting next month, each eligible student will receive Tk 3,000 per month under this programme. DU Treasurer Professor Jahangir Alam Chowdhury shared this information during a press conference held at the Professor Abdul Matin Chowdhury Virtual Classroom, near the Vice-Chancellor's office, on Wednesday.

He said that the university lacks adequate accommodation facilities for female students. Although the university has taken various initiatives to address this issue, the process takes time. In response to student needs, DU will start the financial assistance programme as a temporary measure."This assistance may not be a large amount, but it will help the students to some extent. All students who have not been allotted a seat will receive this assistance," added the treasurer. The university is also working on constructing new halls, and temporary bunk beds have already been installed.

Professor Jahangir Alam also said that the Chinese Embassy in Bangladesh has confirmed the construction of a hall for 2,500 female students. DU Pro-Vice-Chancellor (Administration) Professor Sayma Haque Bidisha said that building the necessary infrastructure will take some time, but the administration is working diligently to alleviate students' hardships in the meantime.

The financial assistance programme will provide temporary relief, allowing students to stay elsewhere. DU Proctor Saifuddin Ahmed, Dr. Abdullah-Al-Mamun, Chairperson of the Provost Standing Committee, and other female hall provosts, were present at the time, among others.

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

০২ মাঘ ১৪৩১

DU in Media

16 January 2025

আমার দেশ

ঢাবি ছাত্রীদের আবাসন সহায়তা স্কিম ফেব্রুয়ারিতে

ঢাবি প্রতিনিধি

প্রতি মাসে দেওয়া হবে তিন হাজার টাকা

ব্লাংক বেডে আবাসন হয়েছে ৪০০ শিক্ষার্থীর

প্রধান উপদেষ্টার কাছে ৫০০ কোটির ফান্ডের আবেদন

ঢাকা বিশ্ববিদ্যালয়ের যেসব ছাত্রী আবাসন সংকটের কারণে হলে থাকতে পারছেন না, তাদেরক 'আবাসন সহায়তা স্কিম'-এর আওতায় প্রতি মাসে তিন হাজার টাকা দেবে বিশ্ববিদ্যালয় প্রশাসন। এটি ফেব্রুয়ারি মাস থেকে চালু হবে। শিক্ষার্থীদের আবাসন সুবিধা নিশ্চিত না হওয়া পর্যন্ত এ সহায়তা চলমান থাকবে বলে জানিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

গতকাল বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আব্দুল মতিন চৌধুরী ভার্চুয়াল ক্লাসরুমে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এই তথ্য জানান বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরী।

এ সময় উপস্থিত ছিলেন উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দিন আহমেদ এবং প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটির আহ্বায়ক ও সলিমুল্লাহ মুসলিম হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. আব্দুল্লাহ আল মামুন।

সংবাদ সম্মেলনে বিশ্ববিদ্যালয়ের নারী শিক্ষার্থীদের আবাসন সংকট নিরসনে স্বল্পমেয়াদি, মধ্যমেয়াদি ও দীর্ঘমেয়াদি বিভিন্ন পরিকল্পনা ও কাজের অগ্রগতি সম্পর্কে জানানো হয়। আরও জানানো হয়, মেয়েদের হলগুলোতে ব্লাংক বেড বসিয়ে স্বল্প সময়ে ৪০০ জন শিক্ষার্থীর আবাসনের ব্যবস্থা করা হয়েছে।

মধ্যমেয়াদি পরিকল্পনার অংশ হিসেবে বিশ্বব্যাংকের হিট হায়ার এডুকেশন এক্সিলারেশন অ্যান্ড ট্রান্সফরমেশন (হিট) প্রকল্পের আওতায় ছাত্রছাত্রীদের জন্য আবাসন বৃত্তি চালুর বিষয়টিও বর্তমানে প্রক্রিয়াধীন রয়েছে। সম্প্রতি বিশ্বব্যাংক কর্তৃপক্ষ সরাসরি মেয়েদের হলগুলোতে এসে দুরবস্থা দেখে তাৎক্ষণিকভাবে এই বৃত্তি প্রদানের সিদ্ধান্ত নেয়। আগামী শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের শিক্ষার্থীরা এ বৃত্তির আওতায় আসবে।

এ ছাড়াও গত রোববার বিশ্ববিদ্যালয় প্রশাসন অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে সাক্ষাৎকালে বিশ্ববিদ্যালয়ের নারী শিক্ষার্থীদের আবাসন নিয়ে আলোচনা করেন। সে সময় বিশ্ববিদ্যালয়ের জন্য ৫০০ কোটি টাকার ফান্ড চাওয়া হয়। যার আয় থেকে ভবিষ্যতে আবাসন বৃত্তি চালু রাখা যাবে। সে বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।

বিশ্ববিদ্যালয়ের মাস্টারপ্ল্যানে শাহনেওয়াজ হোস্টেল ভেঙে নতুন ভবন করে এক হাজার শিক্ষার্থী, শামসুন্নাহার হলের আবাসিক শিক্ষকদের আবাসন ব্যবহার করে ৬০০ শিক্ষার্থী, লেদার ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউটে ৫০০ শিক্ষার্থী এবং কুয়েত মৈত্রী হলের আবাসিক শিক্ষক ও প্রভোস্ট বাংলোতে আরও ৫০০ জন শিক্ষার্থীর আবাসনের ব্যবস্থা করা হবে। এতে সর্বমোট দুই হাজার ৬০০ জনের আবাসন হলেও চার হাজার নারী শিক্ষার্থী থাকতে পারবেন বলেও জানানো হয় সংবাদ সম্মেলনে।

এ সময় উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা বলেন, শিক্ষার্থীদের আবাসন সমস্যা নিরসনে আমাদের চেষ্টা অব্যাহত আছে। হল বানানো, ভবন নির্মাণসহ এই প্রক্রিয়াগুলোতে সময় কমানো সর্বোচ্চ চেষ্টা চালাচ্ছি আমরা। সুখকর বিষয় হলো এতে ইতিবাচক অগ্রগতি হচ্ছে।

সংবাদ

ঢাবিতে আবাসন সংকট

মাসে তিন হাজার টাকা পাবেন সিট না পাওয়া ছাত্রীরা

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) আবাসিক হলে সিট না পাওয়া পর্যন্ত সংশ্লিষ্ট ছাত্রীকে হোস্টেল কিংবা মেসে থাকার জন্য প্রতিমাসে তিন হাজার টাকা করে সহায়তা দেওয়ার সিদ্ধান্ত হয়েছে। ছাত্রীদের আবেদনের প্রেক্ষিতে যাচাই-বাছাই করে এ সহায়তা দেবে ঢাবি কর্তৃপক্ষ। গতকাল বুধবার প্রশাসন ভবনের আব্দুল মতিন ভার্চুয়াল ক্লাসরুমে সংবাদ সম্মেলন করে এ তথ্য জানান কোষাধ্যক্ষ অধ্যাপক জাহাঙ্গীর আলম চৌধুরী।

এ সময় উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক সায়মা হক বিদিশা, প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটির আহবায়ক সলিমুল্লাহ মুসলিম হলের প্রাধ্যক্ষ আব্দুল্লাহ আল মামুন, প্রক্টর সাইফুদ্দীন আহমেদসহ ছাত্রী হলের প্রাধ্যক্ষরা উপস্থিত ছিলেন।

জাহাঙ্গীর আলম চৌধুরী বলেন, যেসব ছাত্রী হলে থাকার যোগ্য কিন্তু আমরা সিট দিতে পারছি না, তাদেরকে এই আর্থিক সহায়তা দেওয়া হবে। এ সংখ্যা নির্দিষ্ট নয়, যারা যোগ্য তারা সবাই এটি পাবেন। আমরা জানি, এ টাকা যথেষ্ট নয়, তবু যতটুকু পারছি সহায়তার ব্যবস্থা করছি। বিশ্বব্যাংকের হাইয়ার এডুকেশন এক্সিলারেশন অ্যান্ড ট্রান্সফরমেশন প্রজেক্টের (হিট) আওতায় এ সহায়তা দেওয়া হবে।

কোষাধ্যক্ষ আরও বলেন, হল নির্মাণ ও মেরামতের জন্য সরকারের কাছে আবেদন পাঠিয়েছি। তিন বছর পর ছাত্রীদের আবাসন সংকট আর থাকবে না। ছেলেদের হলে আসন ফাঁকা থাকবে, যদি মাস্টারপ্ল্যান বাস্তবায়িত হয়ে যায়। কর্মচারীর জন্য নির্মিত ভবনে শিক্ষার্থীদের রাখা হবে না বলেও জানান কোষাধ্যক্ষ।

উপ-উপাচার্য সায়মা হক বিদিশা বলেন, এই সহায়তা আদর্শ সমাধান নয়, তবু যাদের একেবারে প্রয়োজন, তাদের আমরা সহযোগিতা করছি। আমাদের অবকাঠামো মাস্টারপ্ল্যান সরকারের কাছে প্রক্রিয়াধীন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রীদের পাঁচটি হলের বিপরীতে ছেলেদের হল রয়েছে ১৩টি। সাম্প্রতিক বছরগুলোতে ছাত্রী ভর্তি হার ৫২ শতাংশের কাছাকাছি। ফলে ছাত্রী হলে তীব্র আবাসন সংকট চলছে। কয়েক সপ্তাহ ধরে আবাসনের দাবিতে ছাত্রীরা নানা কর্মসূচি পালন করছেন।

আমাদের সময়

হলে ছাত্রীদের সিট দিতে না পারলে টাকা দেবে ঢাবি

ঢাবি প্রতিবেদক ●

হলে আবাসিক সিট পাওয়ার সব শর্ত পূরণ করা সত্ত্বেও যেসব ছাত্রীকে আসন বরাদ্দ দেওয়া সম্ভব হচ্ছে না, তাদেরকে নিজস্ব অর্থায়নে 'আবাসন সহায়ক আর্থিক সহায়তা প্রদান' করা হবে বলে জানিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) কর্তৃপক্ষ। গতকাল বুধবার বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আবদুল মতিন চৌধুরী ভার্চুয়াল ক্লাসরুমে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এই উদ্যোগের কথা জানানো হয়।

এ সময় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী বলেন, যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে ন্যায্যতা ও চাহিদার ভিত্তিতে আবেদনকারী ছাত্রীদের মধ্য থেকে নির্বাচিতদের প্রতি মাসে ৩ হাজার টাকা হারে এই সহায়তা প্রদান করা হবে। বিশ্ববিদ্যালয়ের বাজেট ঘাটতি থাকা সত্ত্বেও বিশেষ বরাদ্দের মাধ্যমে অগ্রাধিকার ভিত্তিতে বিভিন্ন ছাত্রী হলে প্রায় ৫০০ বাঙ্ক বেড স্থাপন করে এরই মধ্যে বেশ কিছু ছাত্রীর আবাসনের ব্যবস্থা করা হয়েছে। স্বচ্ছ পদ্ধতি ও সুষ্ঠু প্রক্রিয়া অনুসরণ করে ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রথমবারের মতো প্রথম বর্ষ আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের ছাত্রীদের আবাসনের ব্যবস্থা করা হয়েছে, যা অতীতের যে কোনো সময়ের তুলনায় ব্যতিক্রমী ঘটনা।

কোষাধ্যক্ষ আরও বলেন, ছাত্রীদের আবাসন সংকট নিরসনে চীন সরকারের আর্থিক সহযোগিতায় ২৪৪ কোটি টাকা ■ এরপর পৃষ্ঠা ২, কলাম ৫

হলে ছাত্রীদের সিট

(শেষ পৃষ্ঠার পর) ব্যয়ে প্রস্তাবিত 'বাংলাদেশ-চীন মৈত্রী হল নির্মাণ প্রকল্পটি মন্ত্রণালয়ে এরই মধ্যে অনুমোদিত হয়েছে। বর্তমানে এটি ইআরডি'র অনুমোদনের অপেক্ষায় আছে। এ ছাড়া, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত উন্নয়ন প্রকল্পের আওতায় ২ হাজার ৮৪১ কোটি ৮৬ লাখ টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রস্তাবিত চারটি ছাত্রী হলের বর্ধিত ভবন নির্মাণ প্রকল্প অনুমোদনের বিষয়টি বর্তমানে প্রক্রিয়াধীন।

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

০২ মাঘ ১৪৩১

DU in Media

16 January 2025

আলোকিত বাংলাদেশ

ছাত্রীদের আবাসনের জন্য টাকা দেবে ঢাবি

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ছাত্রীদের মধ্যে যারা হলে সিট পাওয়ার যোগ্য হয়েও সিট সংকটের কারণে পাচ্ছেন না তাদের অস্থায়ী আবাসন সহায়তা দেয়া হবে। অস্থায়ী আবাসনের আওতাভুক্ত ছাত্রীরা প্রত্যেকে মাসে তিন হাজার টাকা পাবেন। গতকাল বুধবার দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আব্দুল মতিন চৌধুরী ভার্চুয়াল ক্লাসরুমের আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ কথা জানানো হয়। কোষাধ্যক্ষ অধ্যাপক ড. জাহাঙ্গীর আলম চৌধুরী বলেন, আমরা আমাদের নারী শিক্ষার্থীদের আবাসনের জন্য খুব দ্রুতই কোনো সমাধান করতে পারছি না। তবে এরই মধ্যে আমরা অস্থায়ীভাবে আবাসন সুবিধার মাধ্যমে সমস্যা সমাধানের চেষ্টা করছি। এছাড়াও আমরা বাজেটের বাইরে একটা ফান্ড কালেকশনের মাধ্যমে শিক্ষার্থীদের আবাসন সহায়তা দেব। কোষাধ্যক্ষ বলেন, যারা হলে সিট পাওয়ার যোগ্য কিন্তু সংকটের কারণে সিট দেয়া সম্ভব হচ্ছে না, তাদের জন্য আমরা মাসিক তিন হাজার টাকা করে আবাসন সুবিধা দেব। এরই মধ্যে এ বিষয়ে কাজ শুরু হয়েছে। হলগুলোতে কারা সিটে থাকতে চায় সেটা জানতে চাওয়া হয়েছে। এটি হাতে পেলে আমরা যাচাই-বাছাই করে কাজ শুরু করে দেব। সংবাদ সম্মেলনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. জাহাঙ্গীর আলম চৌধুরী, প্রক্টর সাইফুদ্দিন আহমদ এবং মেয়েদের হল প্রাধ্যক্ষরা উপস্থিত ছিলেন।

ইত্তেফাক

সিট না পাওয়া ছাত্রীদের বৃত্তি দেবে ঢাবি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) হলে সিট পাওয়ার যোগ্য হয়েও সিট সংকটের কারণে যারা থাকার সুযোগ পাচ্ছেন না, যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে ন্যায্যতা ও চাহিদার ভিত্তিতে আবেদনকারী ছাত্রীদের মধ্য থেকে নির্বাচিতদের প্রতি মাসে ৩ হাজার টাকা হারে সহায়তা প্রদান করা হবে।

গতকাল দুপুরে ঢাবির আব্দুল মতিন চৌধুরী ভার্চুয়াল ক্লাসরুমে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ সিদ্ধান্তের কথা জানান প্রো-ভিসি (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা। এ সময় কোষাধ্যক্ষ

পৃষ্ঠা ১৫ কলাম ৪

সিট না পাওয়া ছাত্রীদের

প্রথম পৃষ্ঠার পর

অধ্যাপক ড. জাহাঙ্গীর আলম চৌধুরী, প্রক্টর সাইফুদ্দিন আহমদ এবং মেয়েদের হলের প্রভোস্টরা উপস্থিত ছিলেন। কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরী বলেন, বিশ্ববিদ্যালয়ের বাজেট ঘাটতি থাকা সত্ত্বেও বিশেষ বরাদ্দের মাধ্যমে অগ্রাধিকার ভিত্তিতে বিভিন্ন ছাত্রী হলে প্রায় ৫০০ বাংক বেড স্থাপন করে ইতিমধ্যেই বেশ কিছু ছাত্রীর আবাসনের ব্যবস্থা করা হয়েছে। স্বচ্ছ পদ্ধতি ও সুষ্ঠু প্রক্রিয়া অনুসরণ করে ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রথমবারের মতো প্রথম বর্ষ আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের ছাত্রীদের আবাসনের ব্যবস্থা করা হয়েছে, যা অতীতের যে কোনো সময়ের তুলনায় ব্যতিক্রমী ঘটনা।

কোষাধ্যক্ষ আরো বলেন, ছাত্রীদের আবাসন সংকট নিরসনে চীন সরকারের আর্থিক সহযোগিতায় ২৪৪ কোটি টাকা ব্যয়ে প্রস্তাবিত 'বাংলাদেশ-চীন মৈত্রী হল নির্মাণ প্রকল্পটি' মন্ত্রণালয়ে ইতিমধ্যেই অনুমোদিত হয়েছে। বর্তমানে এটি ই আর সি-এর অনুমোদনের অপেক্ষায় আছে।

The Daily Observer

DU to launch Tk 3,000 monthly aid for female students facing accommodation crisis

Dhaka University (DU) administration will launch a temporary financial assistance programme for female students who cannot stay in university halls due to accommodation crisis.

Starting next month, each eligible student will receive Tk 3,000 per month under this programme.

DU Treasurer Prof Jahangir Alam Chowdhury shared this information during a press conference held at the Professor Abdul Matin Chowdhury Virtual Classroom, near the Vice-Chancellor's office, on Wednesday.

He said that the university lacks adequate accommodation facilities for female students. Although the university has taken various initiatives to address this issue, the process takes time. In response to student needs, DU will start the financial assistance programme as a temporary measure.

